

প্রেস রিলিজ
তারিখ: ৩০ জুন ২০২৬

বাউবিতে ৬ষ্ঠ সমাবর্তন আয়োজনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) আসন্ন ৬ষ্ঠ সমাবর্তন অত্যন্ত জাঁকজমকপূর্ণ ও সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে এক প্রাথমিক প্রস্তুতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১:০০ টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান-এর সভাপতিত্বে তাঁর গাজীপুরস্থ কার্যালয়ের কনফারেন্স কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আসন্ন ৬ষ্ঠ সমাবর্তন সফল ও সার্থক করার লক্ষ্যে প্রাথমিক কর্মপরিকল্পনা গ্রহণ এবং বিভিন্ন প্রয়োজনীয় উপকর্মটি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা ও মতবিনিময় করা হয়। উপাচার্য মহোদয় তাঁর বক্তব্যে সমাবর্তনের প্রতিটি ধাপ সময়োপযোগী, নিখুঁত ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত আন্তরিকতা ও নিষ্ঠার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের উদাত্ত আহ্বান জানান।

গুরুত্বপূর্ণ এ প্রস্তুতিমূলক সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান, মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম এবং রেজিস্ট্রার। বক্তারা সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠু, শৃঙ্খলাবদ্ধ ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে বিভিন্ন দিকনির্দেশনা ও সুচিন্তিত মতামত তুলে ধরেন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের সকল স্কুলের সম্মানিত ডিন, বিভিন্ন বিভাগ, সেল ও কেন্দ্রের পরিচালক এবং বিভাগীয় প্রধানগণ সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করে সমাবর্তন আয়োজনের সার্বিক প্রস্তুতি, সমন্বয় ও ব্যবস্থাপনা নিয়ে গুরুত্বপূর্ণ মতামত, মূল্যবান পরামর্শ এবং গঠনমূলক সুপারিশ উপস্থাপন করেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)